**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 2/3/2023 **গভর্নর ক্যাথি হোকল**

# নিউ ইয়র্কবাসীদের জন্য মোটর যান বিভাগ 7.3 মিলিয়ন ডলারের চুরি যাওয়া যানবাহন ও খুচরা যন্ত্রাংশ উদ্ধার করেছে বলে গভর্নর হোকলের ঘোষণা

***নিউ ইয়র্ক সহ সারা দেশে যানবাহন চুরি বৃদ্ধি পেতে দেখা যাচ্ছে***

***এছাড়াও DMV জালিয়াতির বিরুদ্ধে লড়াই চালিয়ে যাচ্ছে, ক্যাটালিটিক কনভার্টার চুরি সম্পর্কে সচেতনতা বৃদ্ধির জন্য কাজ করছে***

গভর্নর ক্যাথি হোকল আজ ঘোষণা করেছেন যে নিউ ইয়র্ক স্টেটের মোটর যান বিভাগ (Department of Motor Vehicles) 2022 সালে নিউ ইয়র্কবাসীদেরকে 7.3 মিলিয়ন ডলারেরও বেশি মূল্যের চুরি যাওয়া 231টি যানবাহন উদ্ধার করতে সাহায্য করেছে। সেইসাথে, DMV 81টি চুরি যাওয়া যানবাহনের খুচরা যন্ত্রাংশ উদ্ধার করেছে, যেগুলোর মূল্য 67,223 ডলার।

"আমি দায়িত্ব গ্রহণ করার দিন থেকে, নিউ ইয়র্কবাসীদের নিরাপত্তা আমার শীর্ষ অগ্রাধিকার হয়ে আছে," **বলেছেন গভর্নর হোকল।** "চুরি যাওয়া যানবাহন ট্র্যাক করা ও উদ্ধার করা এবং এসব অপরাধের ভুক্তভোগীতে পরিণত হওয়া নিরীহ নিউ ইয়র্কবাসীদেরকে ন্যায়বিচার প্রদান করার ব্যাপারে আমার প্রশাসন অঙ্গীকারাবদ্ধ রয়েছে।"

**নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অব মোটর ভেহিকেলের (Department of Motor Vehicles) কমিশনার, মার্ক জে. এফ. শ্রোয়েডার বলেন,** "আমাদের তদন্তকারীরা নিউ ইয়র্কবাসীদের শুধু সম্পত্তিই নয় বরং তাদের পরিচয়ও সুরক্ষিত রাখার জন্য কঠোর পরিশ্রম করছেন। চুরি যাওয়া যানবাহন ও খুচরা যন্ত্রাংশ উদ্ধার করা তাদের নিত্যদিনের অতি গুরুত্বপূর্ণ কাজের একটি অংশ মাত্র। আমরা সবসময় ভোক্তাদেরকে একটি যানবাহনের মালিক হওয়ার পর থেকে সতর্ক থাকার পাশাপাশি পুরোনো কোনো যানবাহন অথবা চুরি হওয়া বা বন্যার শিকার হওয়া যানবাহন ক্রয় করার ক্ষেত্রে বিচক্ষণতা অবলম্বন করার পরামর্শ দিয়ে থাকি।"

এর তুলনায়, 2021 সালে DMV 194টি যানবাহন এবং 77টি খুচরা যন্ত্রাংশ উদ্ধার করেছে যার মোট মূল্য 5.2 মিলিয়ন ডলার।

2022 সালে উদ্ধার করা যানবাহন এবং সেগুলোর মূল্যের পৃথক বিবরণ নিচে দেওয়া হলো:

| ব্র্যান্ড | যানবাহনের সংখ্যা | মান |
|---|---|---|

| | | |
|---|---|---|
| Acura | 8 | $185,125 |
| Alfa Romeo | 1 | $25,000 |
| Audi | 3 | $105,238 |
| Big Tex trailer | 1 | $13,000 |
| BMW | 8 | $417,095 |
| Buick | 1 | $26,975 |
| Cadillac | 4 | $116,245 |
| Can-Am ATV | 1 | $4,120 |
| Chevrolet | 5 | $149,470 |
| Chrysler | 2 | $21,500 |
| Dodge | 15 | $631,897 |
| Ford | 8 | $110,400 |
| GMC | 6 | $231,800 |
| Hino | 1 | $35,600 |
| Honda | 76 | $2,009,264 |
| Hyundai | 5 | $71,520 |
| Infiniti | 6 | $220,025 |
| Jaguar | 1 | $61,200 |
| Jeep | 23 | $1,034,058 |
| Kawasaki | 2 | $10,340 |
| Kia | 2 | $55,500 |
| KTM | 1 | $9,250 |
| Land Rover | 3 | $139,038 |
| Lexus | 1 | $20,000 |
| Lincoln | 2 | $19,600 |
| Mercedes Benz | 4 | $192,825 |
| Nissan | 10 | $151,041 |
| Polaris | 1 | $4,060 |
| Pontiac | 1 | $4,000 |
| Porsche | 2 | $113,000 |
| Ram | 8 | $695,800 |
| RPS | 1 | $1,300 |
| Toyota | 15 | $413,250 |
| Yamaha | 2 | $10,500 |
| Utility Trailer | 1 | $250 |
| **মোট** | **231** | **$7,309,286** |

জাতীয় পর্যায়ে যানবাহন চুরি হওয়ার ঘটনা বৃদ্ধি পেতে দেখা যাচ্ছে। গাড়ি চালকদের উচিত পার্ক করার সময় তাদের যানবাহন লক করার কথা মনে রাখা এবং চাবি বা কী ফব সঙ্গে নিয়ে যাওয়া। বাড়তি নিরাপত্তার জন্য, যানবাহন মালিকরা দর্শনযোগ্য বা শ্রবণযোগ্য ডিভাইস যেমন অ্যালার্ম, ব্রেক বা হুইল লক ব্যবহার করতে পারেন, অথবা ফিউজ কাট-অফ বা ইগনিশন ও ফুয়েল ডিজেবলার ইত্যাদির মতো ভেহিকেল ইমোমিলাইজার ইনস্টল করতে পারেন।

যদি আপনার যানবাহন চুরি হয়ে যায়, তাহলে যথাশীঘ্র সম্ভব পুলিশ ও আপনার অটো ইনসুরেন্স কোম্পানির কাছে রিপোর্ট করুন। পুলিশ এই তথ্য জাতীয় ও স্টেট পর্যায়ের অটো চুরির কম্পিউটার রেকর্ডে অন্তর্ভুক্ত করবে। আপনার যানবাহনের টাইটেলের উপর চুরির বিষয়টি উল্লেখ করে দেওয়া হবে যাতে কেউ যানবাহনটি বিক্রি করতে চাইলে অথবা একটি টাইটেলের জন্য আবেদন করতে চাইলে তা প্রতিরোধে সাহায্য করা যায়।

DMV-এর ওয়েবসাইটে চুরি যাওয়া এবং উদ্ধারকৃত যানবাহন সম্পর্কে বাড়তি নির্দেশনা রয়েছে, এবং এছাড়া সংস্থাটি একটি লিংকও প্রদান করছে যেখানে গ্রাহকরা কোনো গাড়ি বন্যার পানিতে ক্ষতিগ্রস্ত হয়েছে কিনা অথবা চুরি হয়েছিল কিনা তা চেক করতে পারবেন। যানবাহন শনাক্তকরণ নম্বর টাইপ করার মাধ্যমে, একজন গ্রাহক কোনো যানবাহন বন্যার কারণে এমন কোনো ক্ষতির সম্মুখীন হয়েছে কিনা যা সহজে দৃশ্যমান নয়, সে বিষয়টি জানতে পারবেন।

গ্রাহকদেরও উচিত কোনো যানবাহন ক্রয় করার সময় সতর্ক থাকা যেক্ষেত্রে অফারটি সত্য হওয়ার পক্ষে অনেক বেশি ভালো বলে মনে হয়। যদি বিক্রেতা শুধু নগদ অর্থ গ্রহণ করার ব্যাপারে জোর দেয় তাহলে তাদের সতর্ক হওয়া উচিত এবং টাইটেলে থাকা যানবাহনের বিবরণের সঙ্গে তারা যে যানবাহন গ্রহণ করছেন সেটির মিল থাকার বিষয়ে নিশ্চিত হওয়ার জন্য চেক করে নেওয়া উচিত। যেমন, টাইটেলে উল্লেখ করা আইনি অধিক্ষেত্রের সঙ্গে প্লেট ও ইন্সপেকশনের স্টিকারের মিল থাকতে হবে।

চুরি হওয়া যানবাহন উদ্ধার করা DMV-এর ডিভিশন অব ফিল্ড ইনভেস্টিগেশনের (Division of Field Investigations) অনেকগুলো কাজের মধ্যে মাত্র একটি। গত বছর, DMV-এর তদন্তকারীরা জালিয়াতি, পরিচয় চুরি, এবং অ্যালকোহল কেনার জন্য মিথ্যা পরিচয় ব্যবহার করার সাথে সম্পর্কিত ঘটনায় 1,126 জনকে গ্রেফতার করেছে।

গভর্নরের নির্দেশনা অনুযায়ী, ক্যাটালিটিক কনভার্টার চুরির বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করার জন্য DMV আইন প্রয়োগকারী সংস্থা, ন্যাশনাল ইনসুরেন্স ক্রাইম ব্যুরো (National Insurance Crime Bureau), এবং স্টেট ও আঞ্চলিক পর্যায়ের অটোমোবাইল ডিলারদের অ্যাসোসিয়েশনের সদস্যদের সঙ্গেও কাজ করছে। DMV ডিলারদেরকে একটি নতুন প্রক্রিয়া সরবরাহ করতে সাহায্য করেছে যেটি অটো ডিলারদেরকে ক্যাটালিটিক কনভার্টারের উপর একটি অনন্য, ট্রেসযোগ্য সিরিয়াল নম্বর লিখে দেওয়ার অনুমতি দিয়েছে যেটি স্পষ্টভাবে দেখতে পাওয়া যাবে এবং যে যানবাহন থেকে এটি চুরি করা হয়েছে সেটির সঙ্গে লিংক পাওয়া যাবে।

অক্টোবর মাসে, অটো ডিলারদের জন্য নতুন যানবাহনে সিরিয়াল নম্বর লেখার জন্য এসব কিট ব্যবহার করা আবশ্যক করে গভর্নর আইন স্বাক্ষর করেছেন। এছাড়াও এই আইন ক্যাটালিটিক

কনভার্টারকে যানবাহনের একটি প্রধান কম্পোনেন্ট পার্ট হিসেবে যোগ করার জন্য যানবাহন ও ট্রাফিক আইন সংশোধন করছে, যা যানবাহন ডিসম্যান্টলকারীদের জন্য সেগুলোর রেকর্ড রক্ষণাবেক্ষণ করা আবশ্যক করছে। প্রতি 60 দিন অন্তর, সেসব ব্যবসা প্রতিষ্ঠানকে অবশ্যই এই সময়ের মধ্যে গৃহীত ক্যাটালিটিক কনভার্টারের সংখ্যা রিপোর্ট করতে হবে। অনুরোধ করার পর এসব রেকর্ড রক্ষণাবেক্ষণ করতে বা উপস্থাপন করতে ব্যর্থ হওয়া একটি ক্লাস এ অপরাধ হিসেবে বিবেচ্য হবে এবং কথিত চুরি যাওয়া কনভার্টার কম্পোনেন্ট গ্রহণ করার মাধ্যমে উপার্জিত অর্থের দ্বিগুণ পরিমাণ পর্যন্ত আর্থিক দণ্ড আরোপ করা হতে পারে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418